

Lead Bangladesh Foundation Action Plan

| কৌশলগত উদ্দেশ্য | বাস্তবায়ন কৌশল/কাজ |
|---|---|
| <p>১। দেশ/বিদেশে উপযুক্ত কর্ম প্রাপ্তির লক্ষ্যে যুবকদের প্রয়োজনীয় প্রশিক্ষণ লাভ, দক্ষতা উন্নয়ন ও অন্যান্য সহায়ক কার্যক্রমে সহযোগিতা প্রদান।</p> | <p>১। যুবকদের কর্মপ্রাপ্তির লক্ষ্যে মৌলিক (Basic) দক্ষতা যেমন: ইংরেজি, আইসিটি এবং মৌলিক গাণিতিক দক্ষতা অর্জন সম্পর্কে সচেতন করা এবং এ সকল দক্ষতা অর্জনে সহায়তা প্রদান;</p> <p>২। দেশ/বিদেশে কর্মের বিভিন্ন খাত-উপখাত সম্পর্কে তথ্য সংগ্রহ এবং তা যুবকদের অবহিতকরণ;</p> <p>৩। কর্মের চাহিদা সম্পন্ন খাত-উপখাতসমূহে কর্ম প্রাপ্তির প্রয়োজনীয় দক্ষতা চিহ্নিতকরণ;</p> <p>৪। চিহ্নিত খাতসমূহে কর্মপ্রাপ্তির জন্য দক্ষতা উন্নয়নে উপযুক্ত প্রশিক্ষণ লাভ/দক্ষতা আপগ্রেডকরণ ইত্যাদি সুযোগ লাভে প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও দক্ষতা উন্নয়ন প্রতিষ্ঠানের সাথে যুবকদের সংযোগ ঘটানো এবং সুনির্দিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান;</p> <p>৫। কর্মদাতাদের তথ্য সংগ্রহ এবং কর্মদাতাদের সাথে চাকরি প্রত্যাশি যুবকদের সংযোগ ঘটানোর জন্য youth Employment Support Centre স্থাপন;</p> <p>৬। চাকরি প্রাপ্তির জন্য উপযুক্ত কর্মী এবং সম্ভাব্য চাকরিদাতাদের সমন্বয়ে চাকরিমেলায় আয়োজন, এক্ষেত্রে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, কারিগরি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ বৃদ্ধি করা;</p> <p>৭। উপরোক্ত কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য প্রযোজ্য ক্ষেত্রে সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সাথে যৌথ কার্যক্রম গ্রহণ;</p> <p>৮। বৈদেশিক চাকরি প্রাপ্তির জন্য প্রয়োজনীয় সহায়ক বিষয়সমূহ যেমন: পাসপোর্ট, ভিসা, ওয়ার্কপারমিট, ব্যক্তিগত আচরণ, বৈদেশিক পরিবেশে জীবন যাত্রা ইত্যাদি বিষয় সম্পর্কে যুবকদের প্রশিক্ষণ প্রদান/দক্ষতা বৃদ্ধি করা।</p> |
| <p>২। কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে Adolescent Health সম্পর্কে সচেতন করা ও Child Marriage বন্ধকরণে সহায়ক কার্যক্রম গ্রহণ।</p> | <p>১। মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের Adolescent Health এর গুরুত্ব সম্পর্কে সচেতন করা ও প্রতিপালনে অংশগ্রহণমূলক কার্যক্রম পরিচালনা করা;</p> <p>২। Adolescent Health Related প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা ও ঔষধ/উপকরণ সরবরাহ করা;</p> <p>৩। দেশের উন্নয়নে নারীর অংশগ্রহণ বৃদ্ধি অত্যন্ত গুরুত্বপূর্ণ, এ বিষয়ে শিক্ষক/শিক্ষার্থী ও অভিভাবকদের সচেতন করা;</p> <p>৪। মেয়েদের কর্মসংস্থান এবং পারিবারিক ও সামাজিক উন্নয়ন বিষয়ক বাস্তবভিত্তিক তথ্যচিত্র নির্মাণ ও প্রদর্শন;</p> <p>৫। বাল্য বিবাহের ফলে কিশোরীদের শারিরিক ও মানসিক স্বাস্থ্যের অবনতি সম্পর্কে বাস্তব ঘটনা ভিত্তিক তথ্যচিত্র নির্মাণ ও প্রদর্শন;</p> <p>৬। বাল্য বিবাহ নিরোধ আইন সম্পর্কে প্রচার ও আইন প্রয়োগে সহায়তা প্রদান;</p> <p>৭। উপরোক্ত কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য প্রযোজ্য ক্ষেত্রে সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সাথে যৌথ কার্যক্রম গ্রহণ।</p> |

| | |
|--|--|
| <p>৩। দক্ষতা উন্নয়ন কর্মসংস্থান বৃদ্ধি এবং সমসাময়িক আত্র সামাজিক ব্যবস্থা বিষয়ে পরামর্শ সেবা প্রদান ও গবেষণা কার্যক্রম পরিচালনা</p> | <p>১। লীড বাংলাদেশ ফাউন্ডেশন নিজে বা এ বিষয়ে অভিজ্ঞ ব্যক্তি ও প্রতিষ্ঠানের সহায়তা নিয়ে যৌথভাবে পরামর্শ সেবা ও গবেষণা কার্যক্রম পরিচালনা করা; ২। সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের আহ্বানে পরামর্শ সেবা ও গবেষণা কার্যক্রম পরিচালনা করা; ৩। বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে এ ধরনের কার্যক্রম পরিচালনা করা; ৪। আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা ও গবেষণা প্রতিষ্ঠানের সাথে যৌথ উদ্যোগে পরামর্শ সেবা প্রদান ও গবেষণা কার্যক্রম পরিচালনা করা।</p> |
| <p>৪। কর্মসংস্থান ও দক্ষতা উন্নয়ন বিষয়ক সরকারি/বেসরকারি কার্যক্রমসমূহ যুবকদের অবহিত করে এ সকল কার্যক্রমের সাথে তাদের সংযোগ সাধনে সহায়তা দান</p> | <p>১। প্রশিক্ষণ, দক্ষতা উন্নয়ন এবং দেশে/বিদেশে কর্মসংস্থান বিষয়ক সরকারি বেসরকারি উদ্যোগ ও সুযোগ সম্পর্কে তথ্য সংগ্রহ করে ডাটাবেজ তৈরি করে লীড বাংলাদেশ ফাউন্ডেশন ওয়েব সাইটে আপলোড করা; ২। লীড বাংলাদেশ এর সদস্য ও সহযোগী সদস্যদের মাধ্যমে এ সকল তথ্য যুবকদের জানানোর উদ্যোগ গ্রহণ করা; ৩। দক্ষতা উন্নয়ন প্রতিষ্ঠান, প্রশিক্ষণ প্রতিষ্ঠান, ও চাকরি প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে চাকরি প্রত্যাশী যুবকদের সংযোগ সাধনে সহায়তা কার্যক্রম গ্রহণ করা;</p> |
| <p>৫। যুবকদের উৎপাদনমুখী এবং স্ব-কর্মসংস্থান কার্যক্রমে নিয়োজিত হতে উৎসাহ ও সহযোগিতা প্রদান।</p> | <p>১। দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণকারী যুবকদের অর্জিত দক্ষতা কাজে লাগিয়ে স্ব-উদ্যোগে কিছু কর্মসংস্থান সৃষ্টির জন্য তাদের স্বল্প সুদে SME লোন প্রাপ্তিতে সহায়তা প্রদান; ২। তাদের উৎপাদিত পণ্যের/সেবা বাজারজাতকরণে সহায়তা দান; ৩। সেবামূলক কার্যক্রম সম্পর্কে দেশে-বিদেশে সুযোগসমূহ যুবকদের জানানো; ৪। ICT আউট সোর্সিং সংশ্লিষ্ট সুযোগ গ্রহণে করণীয় সম্পর্কে জানানো এবং উপযুক্ত দক্ষ হতে সহায়ক প্রশিক্ষণ প্রদান; ৫। আত্রকর্মসংস্থান বিষয়ক সরকারি সুযোগসমূহ সম্পর্কে যুবকদের অবহিত করা এবং এ সকল সুযোগ প্রাপ্তিতে সহায়তা প্রদান।</p> |
| <p>৬। SDG বাস্তবায়ন ও Smart Bangladesh গঠনে যুবকদের সম্পৃক্তকরণ</p> | <p>১। SDG বাস্তবায়নে যুবকদের অংশগ্রহণের সুযোগসমূহ তাঁদের অবহিতকরণ ও সম্পৃক্ত হতে সহায়তা প্রদান; ২। Smart Bangladesh গঠনের অভিলক্ষ্য সম্পর্কে যুবকদের অবহিতকরণ এবং অভিলক্ষ্যসমূহ বাস্তবায়নে যুবকদের সম্পৃক্ত হতে সহযোগিতা প্রদান।</p> |